# উপজেলা পরিষদ

মহেশপুর,ঝিনাইদহ।

## ৫ম উপজেলা পরিষদের ২৬তম সভার কার্যবিবরণী :

সভাপতি ঃ ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

তারিখ ঃ ২১/০৩/২০২২খ্রি. সময় ঃ সকাল ১১ ঃ ০০ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ।

০১। সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-''ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন । বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। এছাড়া নিম্নোক্ত আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ বিষয়াদি আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয়বস্তু | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| আর্থিক | ০১। পরিষদের তহবিল সংক্রান্ত সকল বিষয় । | উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল পরিশোধ করা হয়েছে। উহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>১। উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের এর ফেব্রুয়ারি/২২ মাসের সম্মানি ভাতা পরিশোধ-৯৪০০০/-<br>২। ফেব্রুয়ারি /২২ মাসের আপ্যায়ন বিল পরিশোধ- ৩০,০০০/-<br>৩। ফেব্রুয়ারি /২২ মাসের আনুষঙ্গিক বিল পরিশোধ- ৫,০০০/-<br>৪। ফেব্রুয়ারি /২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ- ১,০০০/-<br>৫। ল্যাট্রিন পরিস্কার-৩৫০০/-<br>৬। সাব-রেজিষ্টি অফিসে, অফিস সরঞ্জামাদি ক্রয়-১৫০০০/-<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত খরচসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |
| | ০২। ২৬ মার্চ, ২০২২ উদযাপন সংক্রান্ত। | উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ ০৮ মার্চ ২০২২খ্রিঃ তারিখ মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ, ২০২২) বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে উদযাপনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/-(একলক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ, ২০২২) বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে উদযাপনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/-(একলক্ষ) টাকা খরচের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর।<br>৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | ০৩। বঙ্গবন্ধুর ম্যুরালের রাস্তাসহ উপজেলা ক্যাম্পপাসের অভ্যান্তরিণ বিভিন্ন রাস্ত সংক্রান্ত। | উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশনা মোতাবেক নবনির্মিত বঙ্গবন্ধুর ম্যুরাল অভিমূখে নতুন রাস্তা তৈরি, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে যাওয়ার নতুন রাস্তা তৈরি, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে যাওয়ার নতুন রাস্তা তৈরি এবং মেইন গেইট তৈরি এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে ইন্টেরিয়র ডিজাইন, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে ইন্টেরিয়র ডিজাইন এবং উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের টাইলস্ লাগানো, এসি লাগানো রং করণ, গ্লাস লাগানোসহ বিভিন্ন কাজ করার নিমিত্তি উপজেলা প্রকৌশলী সভায় ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার প্রাক্কলন দাখিল করেছেন।<br>দাখিলকৃত প্রাক্কলন মোতাবেক রাজস্ব তহবিল হতে খরচের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>এ প্রসংঙ্গে উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপরে বর্ণিত প্রকল্প এবং প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসারে অতিরিক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয়ে অনুমোদন নেওয়ার বিধান রয়েছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর দাখিলকৃত প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসারে অতিরিক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১) শাখা হতে অনুমোদন নেওয়ার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নণয় ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী মহেশপুর, ঝিনাইদহ। |
| | ০৫। পৌরকর পরিশোধ সংক্রান্ত | মেয়র, মহেশপুর পৌরসভা স্মারক নং এম পি ২৪/২০২২/২৬৪ মোতাবেক ২০২২-২৩ অর্থ বছরের পৌর কর বাবদ ৫,০০,০০০/-(লক্ষ) টাকা অগ্রিম প্রদানের জন্য অনুরোধ করেছেন মর্মে উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় অভিমত ব্যক্ত করেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে মেয়র, মহেশপুর পৌরভার আবেদনের প্রেক্ষিতে উপজেলা রাজস্ব তহবিল হতে পৌর কর বাবদ ৫,০০,০০০/-(লক্ষ) টাকা অগ্রিম চলতি হিসাব নং-৩৩০০৩৮১৩ সোনালী ব্যাংক লিঃ মহেশপুর শাখায় জমা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর। |
| | ০২। পরিষদের বার্ষিক বাজেট বিবরনী, সংশোধিত | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় উপজেলা ০১ শাখার প্রজ্ঞাপন মোতাবেক বাজেট প্রণয়ন (১) আইনের | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের বার্ষিক বাজেট | ১। উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা<br>২। দপ্তর প্রধানগন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাজেট ও বাজেটে অন্তর্ভুক্ত হয়নি এরূপ ব্যয়ের প্রস্তাব | ধারা ৩৮ এর বিধান সাপেক্ষে পরিষদ প্রতি অর্থ বছর শুরু হবার অন্তত ৬০(ষাট) দিন পূর্বে উক্ত বছরের আয় ও ব্যয় সম্বলিত বিবরনী, অতপর বাজেট বলিয়া উল্লেখিত ফরম ''খ'' অনুযায়ি প্রস্তুতকরতঃ ফরম 'ক' অনুযায়ি বাজেটের সার সংক্ষেপসহ বিধি-৭ এ উল্লেখিত পরিষদের বিশেষ সভায় অনুমোদনের বিধান রয়েছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রণয়নের লক্ষ্যে হস্তান্তরিত দপ্তর প্রধানগনকে আয় ও ব্যয় সম্বলিত বিবরনী দ্রুত অত্র কার্যালয়ে প্রেরণের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | মহেশপুর। |
| | ০২। পরিষদের বার্ষিক হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় জানান, পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে তা প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন ও সংরক্ষণ করা যেতে পারে। এ ব্যাপারে পরিষদের সকল সদস্য একমত পোষণ করেন। | পরিষদের বার্ষিক হিসাব বিবরণী অর্থবছর অন্তে প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| | ০৩। পরিষদ কতৃর্ক বাস্তবায়নযোগ্য কাজের মান এবং এস্টিমেট অনুমোদন | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন মর্মে উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান। | উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ কাজগুলো যথাযথভাবে হচ্ছে কিনা তা তদারকির জন্য সভার পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী , মহেশপুর। |
| | ৩। পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে বিবেচনাযোগ্য কোন প্রস্তাব এ মুহূর্তে নেই মর্মে সভায় উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। উপজেলা চেয়ারম্যান জানান, এরূপ কোন প্রস্তাব পাওয়া গেলে তা বিবেচনা করা হবে। | পরিষদের তহবিল বিনিয়োগ বিষয়ে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে তা বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ , মহেশপুর।<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগন। |
| উন্নয়নমূলক | ০১। হস্তান্তরিত বিষয়ভূক্ত উন্নয়ন প্রস্তাব/ প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মহেশপুর, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির আওতায় ১২টি ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্পের অনুকুলে গত ১৬/০৩/২০২২খ্রিঃ তারিখ উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন তহবিলের ১,১৭,৩৫,২১১/-(এক কোটি সতের লক্ষ পয়ত্রিশ হাজার দুইশত এগার) টাকার বিপরিতে পিআইসি ৩৬,০০,০০০/-(ছত্রিশ লক্ষ) টাকা কাজ সম্পন্ন করে ইতিপূর্বে টাকা উত্তোলন করেছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির ১,০৭,৭৬,০০০/- (এক কোটি সাত লক্ষ ছিয়াত্তর হাজার) টাকার বিপরিতে পিআইসি ৩২,০০,০০০/-(বত্রিশ লক্ষ) টাকার প্রকল্প দাখিল করেছে এবং কাজ সম্পন করে অনেক ইউপি চেয়ারম্যান বিল দাখিল করেছে। উন্নয়ন তহবিলের | উপজেলা বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপির) পিআইসি (পরিশিষ্ট-''খ'') তে এবং এডিপির এবং উন্নয়ন তহবিলের টেন্ডারকৃত ১,৫৭,১১২১১/-(এক কোটি সাতান্ন লক্ষ এগার হাজার দুইশত এগার) টাকা (পরিশিষ্ট-''গ'') সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>অনুমোদিত প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিকে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর।<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী , মহেশপুর<br>৪। সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৮১,৩৫,২১১/-টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির ৭৫,৭৬,০০০/-টাকা মোট ১,৫৭,১১২১১/-(এক কোটি সাতান্ন লক্ষ এগার হাজার দুইশত এগার) টাকার বিপরিতে ইউপি চেয়ারম্যানগন প্রকল্প দাখিল করেছে। টেন্ডার প্রক্রিয়া শুরু করার জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সভায় প্রকল্পমূহ অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | ০২। পরিষদের তহবিল দ্বারা বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের মাসিক অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরনের উন্নয়ন কাজের তালিকা সরবরাহের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান ও দপ্তর প্রধানগণের প্রতি সভাপতি আহ্বান জানান। | পরিষদের তহবিল দ্বারা চলমান সকল ধরনের উন্নয়ন কাজের তালিকা উপজেলা পরিষদে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান (সকল)<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| | ০৩। সরকার কর্তৃক সময়ে সময়ে, পরিষদে ন্যস্ত অন্যান্য সকল উন্নয়ন প্রকল্প। | উপজেলা প্রকৌশলী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সর্ম্পকে জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) আওতায় ২০১৯-২০ অর্থ বছরের উপজেলার পিএসসি হতে সুপারিশকৃত ০৩(তিন) টি প্রকল্পের ( ১। মহেশপুর উপজেলার আলফাতুননেছা কলেজ ভবন নির্মান , টাকার পরিমান= ১১,১৪,২৯৯/- এগার লক্ষ চৌদ্দ হাজার দুইশত নিরানব্বই, ২। মহেশপুর উপজেলার বাগানমাঠ গ্রামে ফিস ল্যান্ডিং সেন্টার নির্মান টাকার পরিমান= ১২,২৯,৬৫২/- বার লক্ষ উনত্রিশ হাজার ছয়শত বায়ান্ন ৩। মহেশপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া, ল্যাপটপ,প্রজেক্টর সরবরাহ টাকার পরিমান= ১৫,১৮,৮৯৭/-পনের লক্ষ আঠার হাজার আটশত সাতানব্বই ) কাজ ১০০% সমাপ্ত হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারগন বিল পাইবার জন্য আবেদন করেছেন। বিল পরিশোধের নিমিত্তি উদ্ধতর্ন কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা দরকার।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে আলোচ্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পগুলোর ০৩(তিন) টি প্রকল্পের অনুকূলে ৩৮,৬২,৮৪৮/- (আটত্রিশ লক্ষ বাষট্টি হাজার আটশত আটচল্লিশ) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় কাগজপত্র প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর।<br>২। উপজেলা প্রকৌশলী মহেশপুর, ঝিনাইদহ।<br>৩। উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর, ইউজিডিপি |
| অপারেশনাল | ০১। সরকার কর্তৃক পরিষদে ন্যস্তকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা- | দৈনিক ভিত্তিতে নিয়োজিত উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপারের জানুয়ারি/২২ মাসের শ্রমিক মজুরী বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে | আলোচনা শেষে বর্ণিত ২৪,২০০/- টাকা খরচ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | কর্মচারিসহ পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারি সংক্রান্ত বিষয়াদি ; | ২৪,২০০/- টাকা পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | ০২। ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন ; | ধারা ২৯ এ গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশ বাস্তবায়নের জন্য **হস্তান্তরিত দপ্তরসমূহের কমিটির নিয়মিত সভা করা** এবং পরিষদের আওতাধীন যে কোন কর্মকান্ড বা অন্যান্য বিষয়ে মন্ত্রণালয় বা অধিদপ্তর কর্তৃক প্রেরিত যে কোন চিঠি বা পরিপত্র দপ্তর প্রধান প্রাপ্তির পর অবশ্যই উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে চিঠি বা পরিপত্রের মর্ম অবহিত করার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা আহবান জানান। | বিস্তারিত আলোচনান্তে কমিটি সমূহের নিয়মিত সভা করার জন্য মাসিক সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগণকে অনুরোধ করা হয়। | ১। সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগণ। |
| সমন্বয় | ০১। পরিষদে হস্তান্তরিত অফিসসমূহ এবং বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার (NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা | ক) সমন্বয়ের উদ্দেশ্যে পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের মধ্যে যে সকল দপ্তরে উন্নয়ন কার্যক্রম চলমান, তা লিখিতভাবে অবহিতকরণসহ উর্দ্ধতন কার্যালয়ে যে সকল প্রতিবেদন প্রেরণের তাগিদ দেওয়া হয়, সে সকল প্রতিবেদনগুলি যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি আহবান জানান।<br>খ) উপজেলার ভৌগোলিক অধিক্ষেত্রের মধ্যে কার্যপরিচালনাকারী বিভিন্ন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার (NGO) উন্নয়ন কার্যক্রম আইন অনুযায়ী করছে কিনা সে বিষয়ে তদারকি করার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ক) দপ্তরসমূহের মধ্যে যে সকল উন্নয়ন কার্যক্রমে সমন্বয় প্রয়োজন, তা যথাযথভাবে নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি দপ্তরসমূহ কর্তৃক প্রেরণ করতে হবে।<br>খ) উর্দ্ধতন কার্যালয়ে যথাসময়ে প্রতিবেদনগুলি প্রেরণের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।<br>গ) ( NGO) উন্নয়ন কার্যক্রম মাসিক পর্যালোচনা করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার পূর্বে অত্র কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য চেয়ারম্যান (সকল) ও ষান্মাষিক পর্যালোচনা প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে -কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ক) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।<br>খ) ইউপিচেয়ারম্যানগন। |
| | ০২। রিপোর্ট ও বিবরণী সংগ্রহসহ সরকারের রেগুলেটরি ডিপার্টমেন্টের কার্যক্রম ত্রৈমাসিক পর্যালোচনা এবং আইন অনুযায়ী সকল রিপোর্ট সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ | মাসিক সভায় রেগুলেটরী ডিপার্টমেন্টের দপ্তর প্রধানগণকে প্রতি ০৩মাস অন্তর সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রেগুলেটরী ডিপার্টমেন্টের দপ্তর প্রধানগণকে নির্ধারিত মাসিক সভার নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা, মহেশপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিএডিসি | উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সেচ কমিটি বরাবর কৃষকগণ সেচ যন্ত্রের (নলকূপের) লাইসেন্স এর জন্য আবেদন করলে আবেদনগুলী উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) কোটচাঁদপুর ইউনিট বরাবর সরেজমিন তদন্ত করার জন্য প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) আবেদন পত্রগুলী সরেজমিন তদন্ত পূর্বক অত্র কার্যালয়ে ফেরত দিয়েছে।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ঠ ''ঘ'' ) তে সেচ যন্ত্রের (নলকূপের) লাইসেন্সের জন্য ২৩জন ফি প্রদান করায় তাদেরকে লাইসেন্স প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। উপজেলা নির্বাহী মহেশপুর, ঝিনাইদহ। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যের মঙ্গল এবং সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১।০৩।২২

মযজদ্দীন হামীদ
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান উপজেলা পরিষদ,
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নং-৪৬.৪৪.৪৪৭১.০০০.১৮.০০১.২০২১-১৫৪(৪০)

তারিখ ২১/০৩/২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৩ ঝিনাইদহ- ৩।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার ঝিনাইদহ।
০৫। জনাব, ময়জদ্দীন হামীদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৬। জনাব, আজিজুল হক আজা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।
০৭। জনাব, মোছাঃ হাসিনা খাতুন হেনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহেশপুর, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০৮। উপজেলা-------------------------------------কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
০৯। চেয়ারম্যান------------------------------------------ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
১০। ----------------------------------------------------------------(সংশ্লিষ্ট সকল)

২১/০৩/২২

নয়ন কুমার রাজবংশী
উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর,ঝিনাইদহ।